



প্রকৌশলীদের মেধা দেশের উন্নয়নে কাজে লাগাতে হবে: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান | ছবি: সংগৃহীত

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, দক্ষ প্রকৌশলীদের বিদেশমুখী হওয়ার প্রবণতা কমিয়ে তাদের মেধা ও উদ্ভাবনী শক্তিকে দেশের উন্নয়ন ও শিল্পায়নে কাজে লাগানোর পরিবেশ তৈরি করতে হবে।

শনিবার (১৩ জুন) রাজধানীর আইইবি ভবনে 'আইইবি জব ফেয়ার ও প্রজেক্ট কম্পিটিশন-২০২৬'-এর সমাপনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, উচ্চশিক্ষা ও দক্ষতা অর্জনের পর অনেক মেধাবী প্রকৌশলী বিদেশে স্থায়ী হয়ে যাচ্ছেন, যা দেশের জন্য একটি বড় চ্যালেঞ্জ। এ কারণে কর্মসংস্থান বৃদ্ধি, প্রযুক্তিনির্ভর শিক্ষা এবং উদ্ভাবনবান্ধব পরিবেশ গড়ে তুলতে সরকার গুরুত্ব দিচ্ছে।

তিনি আরও বলেন, দেশের উন্নয়ন, শিল্পায়ন ও প্রযুক্তিগত অগ্রগতিতে প্রকৌশলীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গবেষণা, উদ্ভাবন এবং প্রযুক্তিভিত্তিক কর্মসংস্থানের সুযোগ বাড়ানোর মাধ্যমে তাদের দেশে কাজ করার পরিবেশ আরও শক্তিশালী করা হবে।

অনুষ্ঠানে আইইবির নেতৃবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, প্রকৌশলী ও শিল্পখাতের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।